

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২০২

পর্ব ২১: খাদ্য (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا أَكَلَ أَحَدُكُمْ فَنَسِيَ أَنْ يَدُكُرَ اللَّهَ عَلَى طَعَامِهِ فَلْيَقُلْ: بِسْم اللَّهِ أَوَّلَه وآخرَه . رَوَاهُ التِّرْمِذِيّ وَأَبُو دَاوُد

বাংলা

8২০২-[88] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তোমাদের কেউ খাবার খায় এবং আল্লাহর নাম নিতে ভুলে যায়, (স্মরণ হওয়ার পর) সে যেন বলে, ''বিসমিল্লা-হি আও্ওয়ালাহূ ওয়া আ-খিরাহূ'' (অর্থাৎ- খাবারের প্রথমে এবং শেষে আল্লাহর নামে)। (তিরমিয়ী ও আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৩৭৬৭, তিরমিয়ী ১৮৫৮ সহীহ ইবনু মাজাহ ৩২৬৪, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১০৭, সহীহ ইবনু হিব্বান ৫২১৪, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৬৭৫৮, দারিমী ২০২০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৮৫২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৫০০৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (فَنَسِيَ أَنْ يَذْكُرَ اللهَ عَلَى طَعَامِه) "সে যদি খাবার খাওয়ার শুরুতে আল্লাহর নাম স্মরণ করতে ভুলে যায়"। এ হাদীস থেকে জানা গেল যে, খাওয়ার সময় যে কোন ভাবে আল্লাহকে স্মরণ করাই যথেষ্ট। যেমন 'আলহাম্দুলিল্লা-হ' অথবা 'লা- ইলা-হা ইল্লাল্ল-হ' অথবা "আশহাদু আল্লা- লা- ইলা-হা ইল্লাল্ল-হ" বলে তাহলে সুন্নাত আদায় হয়ে যাবে যদিও 'বিসমিল্লা-হ' বলাই উত্তম।

(فَالْيَقُلُ: بِسْمِ اللهِ أَوَّلَهُ وَآخِرَهُ) তাহলে সে যেন বলে ''বিসমিল্লা-হি আও্ওয়ালাহূ ওয়া আ-খিরাহূ'' অর্থাৎ শুরু থেকে শেষ পর্যন্ত আল্লাহর নামে। আর খাবারের শুরুতে 'বিসমিল্লা-হ' বলতে ভুলে গেলে খাবার মাঝে যখনই স্মরণ হবে



তখনই ''বিসমিল্লা-হি আও্ওয়ালাহূ ওয়া আ-খিরাহূ" বলবে। তাহলে সুন্নাত আদায় হয়ে যাবে। (মিরকাতুল মাফাতীহ; তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৮৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন